



জামায়াতের নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের সংবাদ সম্মেলন স্থগিত



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে জামায়াতে ইসলামীর নেতৃত্বাধীন ১১ দলীয় জোটের আসন বণ্টন সংক্রান্ত সংবাদ সম্মেলন স্থগিত করা হয়েছে। বুধবার (১৪ জানুয়ারি) জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও জোট সমন্বয়ক ড. হামিদুর রহমান আযাদ বিষয়টি নিশ্চিত করেছেন। প্রাথমিকভাবে সংবাদ সম্মেলনটি আজ বিকেল সাড়ে ৪টায় রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের মুক্তিযোদ্ধা হলে (২য় তলা) অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। সেখানে জোটের ১১ দলের শীর্ষ নেতাদের উপস্থিত থাকার কথা ছিল। তবে দুপুরে ড. হামিদুর রহমান আযাদ জানান, অনিবার্য কারণে এই অনুষ্ঠান স্থগিত করতে হয়েছে। অন্যদিকে, জামায়াতের নেতৃত্বাধীন জোটে ইসলামী আন্দোলন বাংলাদেশের অন্তর্ভুক্তি নিয়ে সিদ্ধান্ত আজ দুপুর তিনটায় ইসলামী আন্দোলনের মজলিসে শূরার বৈঠকে নেওয়া হবে। বৈঠকের পরই দলটি তাদের পরবর্তী কার্যক্রম নির্ধারণ করবে বলে জানিয়েছেন মহাসচিব অধ্যক্ষ মাওলানা ইউনুছ আহমদ।

LENS ASIA